

বিএফআইইউ এর বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ ও এর কার্যক্রম সম্পর্কে
প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রতিনিধিগণের সাথে মত বিনিময়।

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশ ও এর কার্যক্রম সম্পর্কে অবহিতকরণে প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রতিনিধিগণের সাথে ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা জনাব মোঃ মাসুদ বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও বিএফআইইউ এর উপ-প্রধান জনাব মোঃ রফিকুল ইসলাম, বাংলাদেশ ব্যাংকের সহকারী মুখপাত্র জনাব মোঃ সরোয়ার হোসেন, ডিপার্টমেন্ট অব কমিউনিকেশনস এন্ড পাবলিকেশনস এর পরিচালক, বিভিন্ন প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রতিনিধিগণ ও বিএফআইইউ এর পরিচালকগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত মত বিনিময় সভায় বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা জনাব মোঃ মাসুদ বিশ্বাস বলেন, বিএফআইইউ তার কাজের জবাবদিহিতা নিশ্চিত করতে প্রতি বছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে। এ বছরের প্রতিবেদনে পূর্বের বছরের ন্যায় বিভিন্ন তথ্যের পাশাপাশি ছুন্ডি, অবৈধ গেমিং/বেটিং, ক্রিপ্টোকারেন্সি ট্রেডিং, ফরেনক্স ট্রেডিং প্রতিরোধে বিএফআইইউ কর্তৃক গৃহীত কার্যক্রমের বিষয়ে পৃথক অধ্যয়ন সংযোজন এবং একাধিক বিশ্লেষণমূলক প্রতিবেদন অন্তর্ভুক্ত করা হয়েছে। রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহ হতে বিএফআইইউতে দাখিলকৃত বিভিন্ন রিপোর্টের পরিসংখ্যান তুলে ধরে তিনি বলেন, ২০২২-২৩ অর্থবছরে রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহ বিএফআইইউ বরাবর সর্বমোট ১৪,১০৬টি সন্দেহজনক লেনদেন/কার্যক্রম প্রতিবেদন (এসটিআর/এসএআর) দাখিল করেছে; যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় প্রায় ৬৪.৫৮% বেশি। এটি মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহের কর্মকর্তাদের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি, বিএফআইইউ এর কঠোর অবস্থান ও অপরাধের ধরন পরিবর্তনের প্রতিফলন মর্মে তিনি অভিমত প্রকাশ করেন। সরকার কর্তৃক গৃহীত নানাবিধ অর্থনৈতিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের ফলে আর্থিক ব্যবস্থায় লেনদেন কার্যক্রম বেড়ে গিয়েছে এবং এর ফলে গত বছরের তুলনায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ হতে নগদ লেনদেন বিবরণীর সংখ্যাও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে মর্মে তিনি অবহিত করেন।

তিনি উল্লেখ করেন, বিএফআইইউ ২০২২-২৩ অর্থবছরে ১৩৩টি আর্থিক গোয়েন্দা প্রতিবেদন বিভিন্ন তদন্তকারী সংস্থায় প্রেরণ করে যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ৫৮.৩৩% বেশি। এছাড়া, বিএফআইইউ ২০২২-২৩ অর্থবছরে বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা, নিয়ন্ত্রক সংস্থা ও সরকারি অন্যান্য সংস্থার সাথে ১,০৭১টি তথ্য বিনিময় করেছে যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ২৮.৫৭ শতাংশ বেশি। বিগত অর্থবছরে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম জোরদারকরণের ফলে Basel Anti Money Laundering (AML) Index-2023 এ বাংলাদেশ ৫টি দেশকে পিছনে ফেলে র্যাংকিং এ বিগত বছরের ৪১ নম্বর দেশ হতে ৪৬ নম্বরে জায়গা করে নিয়েছে।

সভায় বিএফআইইউ প্রতিনিধি বার্ষিক প্রতিবেদনের বিষয়ে একটি উপস্থাপনা প্রদান করেন। উক্ত উপস্থাপনায় বিএফআইইউ এর বিগত অর্থবছরের বিভিন্ন কার্যক্রমের পরিসংখ্যান তুলে ধরা হয়। সভার শেষ পর্যায়ে উপস্থিত প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রতিনিধিগণের অংশগ্রহণে একটি প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়।